22 OCT 2016

দৈনিক
ইত্তেফাক

# জকিগঞ্জ কলেজে অনার্সসহ ডিগ্রি কোর্স চালুর দাবি

■ জকিগঞ্জ (সিলেট) সংবাদদাতা

জকিগঞ্জ সরকারি কলেজে অনার্সসহ ডিগ্রি কোর্স চালুর দাবিতে বৃহস্পতিবার শিক্ষার্থী, অভিভাবক ও প্রবাসীরা মানববন্ধন করেছেন। কলেজের সামনে এ মানববন্ধনের আয়োজন করা হয়।

দাবি আদায়ের স্লোগান লেখা ব্যানার ও ফেস্টুন হাতে নিয়ে দুপুর ১২টার দিকে জকিগঞ্জ প্রবাসী ঐক্য পরিষদের উদ্যোগে প্রায় আধাঘণ্টা এ কর্মসূচি চলে। এতে একাত্মতা ঘোষণা করেন রাজনীতিবিদ, জনপ্রতিনিধি, প্রবাসী, সাংবাদিকসহ বিভিন্ন শ্রেণি পেশার হাজারও মানুষ। জকিগঞ্জ প্রবাসী ঐক্য পরিষদের সিনিয়র সহ-সভাপতি জামাল আহমদের সভাপতিত্বে ও কোষাধ্যক্ষ হাবিবুল্লাহ মিছবাহর পরিচালনায় মানববন্ধনে প্রধান অতিথির বক্তব্য রাখেন জকিগঞ্জ উপজেলা পরিষদের চেয়ারম্যান ইকবাল আহমদ। আরো বক্তব্য রাখেন জকিগঞ্জ জামে মসজিদের ইমাম মুফতি আবুল হাসান, সমাজ সেবক মাওলানা মখলিছুর রহমান, ব্যবসায়ী আব্দুল গনি, সংগঠক আব্দুস শাকুর, জকিগঞ্জ পৌরসভার কাউন্সিলার রিপন আহমদ, জকিগঞ্জ নিউজ ২৪ ডটকম এর সম্পাদক আল মামুন, জকিগঞ্জ বার্তা ২৪ ডটকম এর সম্পাদক এনামুল হক মুন্না, জকিগঞ্জ প্রবাসী ঐক্য পরিষদের সহ-সভাপতি রাজস বিশ্বাস, সহ-সভাপতি জয়নাল আবেদীন, সহ সাধারণ সম্পাদক কয়েছ আহমদ, দপ্তর সম্পাদক সোহেল আহমদ রাহেল, ক্রীড়া সম্পাদক আবুল হাসান বেলাল, সদস্য রুবেল আহমদ, শিক্ষক কায়েস মাহমুদ, সংগঠক ফুজায়েল আহমদ, ছাত্র নেতা সামসুদোহা, কামরুল ইসলাম, স্টুডেন্ট ইউনিটি অব জকিগঞ্জ গভ. কলেজের আহবায়ক ওয়াহিদুর রহমান সিজান, কলেজের ছাত্রীদের পক্ষ থেকে বক্তব্য রাখেন তুলি আক্তার, জকিগঞ্জ বালিকা উচ্চ বিদ্যালয়ের ছাত্রী তাকিয়া সুলতানা প্রমুখ।

মানববন্ধন শেষে উপজেলা নির্বাহী কর্মকর্তার মাধ্যমে জেলা প্রশাসক ও শিক্ষামন্ত্রীর কাছে স্মারকলিপি দেওয়া হয়।